দৈনিক বাংলা

0431

তারিখ ... 7/1/80
পৃষ্ঠা ... 12 কলাম ... 1 ...

# জুরাইনে খালকাটা কর্মসূচীর উদ্বোধন

ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার আবুল হাসনাৎ রোববার জুরাইনে একটি খালকাটা কর্মসূচীর উদ্বোধন করেন।

এই উপলক্ষে স্থানীয় আলমবাগ মাঠে আয়োজিত এক জনসভায় বক্তৃতা প্রসঙ্গে ব্যারিস্টার আবুল হাসনাৎ নগরবাসীর বৃহত্তর স্বার্থে ডিআইটির সমস্ত কর্মকাণ্ড পৌর কর্পোরেশনের কাছে হস্তান্তর করার পক্ষে মত প্রকাশ করেন।

খালকাটা প্রসঙ্গে মেয়র বলেন, দু' মাইল দীর্ঘ এই খালটির খনন কাজ সম্পন্ন হলে এতদঞ্চলের বিস্তীর্ণ এলাকা বন্যামুক্ত হবে।

নাগরিক সমাজের উদ্যোগে কয়েক হাজার নর-নারী স্বেচ্ছায় এই খাল কাটায় অংশ নেয়।

নাগরিক সমাজের সভাপতি জনাব শফিকুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সংসদ সদস্য ডাঃ আবদুর রউফ, মীর মোজাম্মেল হোসেন প্রমুখ।

—খবর বিজ্ঞপ্তির।